

# ঢাকার মাদ্রাসাগুলোয় পুলিশের নজরদারি বাড়ানোর নির্দেশ

ইউসুফ সোহেল •

রাজধানীর বিভিন্ন মাদ্রাসায় স্থানীয় থানা পুলিশের যাতায়াত ও নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মো. আছাদুল্লাহ মিয়া। গতকাল মঙ্গলবার পুলিশের মাসিক অপরাধ বিষয়ক সভায় এই নির্দেশনা দেয়া হয়। এ সময় ডিএমপির বিভিন্ন জোনের ডিপি ও ওসিরা উপস্থিত ছিলেন বলে জানিয়েছে সভার একটি সূত্র।

সূত্র আরও জানায়, মাদ্রাসায় কোনও ভাবেই যেন জঙ্গি তৎপরতা না হয় সে জন্য পুলিশ কমিশনার থানার ওসিদের মাদ্রাসাগুলোয় যাতায়াত বাড়ানো এবং মাদ্রাসা কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় ও আলোচনা করার ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। মাদ্রাসায় সন্দেহজনক কিছু পাওয়া গেলে কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত আইনগত ব্যবস্থা নেয়ারও নির্দেশ দিয়েছেন তিনি।

অপরাধ বিষয়ক সভায় উপস্থিত থাকা ডিএমপির একজন উপ পুলিশ কমিশনার বলেন, যেসব নিষিদ্ধ জঙ্গি সংগঠন বর্তমানে সক্রিয় রয়েছে সেসব সংগঠনের বিষয়ে তথ্য সংগ্রহ করার বিশেষ নিরীক্ষণ গ্রহণ করা হয়েছে সভায়। রাজধানীর ছাপাখানাগুলোও পোয়েন্দাদের নজরে রাখতে বলা হয়েছে। যেসব ছাপাখানায় জঙ্গি সংগঠনের লিফলেট তৈরি করা হয় তার খোঁজখবর নিয়ে দ্রুত ব্যবস্থা নিতে বলেছেন কমিশনার।

সূত্রটি আরও জানায়, বিদেশী নাগরিকদের নিরাপত্তার বিষয়ে বিশেষ আলোচনা হয়েছে ডিএমপির এই মাসিক অপরাধ বিষয়ক সভায়। বিদেশীদের আবাখুল, যাতায়াতের এলাকা রেস্টুরেন্ট, বার, ক্লাব ও অফিসের খবর নিয়ে তাদের সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থার নির্দেশ দিয়েছেন কমিশনার।

বিট পুলিশিংয়ের ওপর জোর দিয়ে নগরীর পুলিশ

কর্মকর্তাদের নাশকতাকারীদের বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য যা যা করা দরকার আইনের মধ্যে থেকে সেসব বিষয়ে পদক্ষেপ নিতেও নির্দেশ দেয়া হয়েছে। ডিএমপির ৪৯ থানার গত এক মাসের কার্যক্রম পর্যালোচনা করে পত্রবী থানাকে সেরা থানা হিসেবে পুরস্কৃত করা হয়। এছাড়া তেজগাঁও জোনকে সেরা জোন ঘোষণা করা হয়েছে।

অপরাধ বিষয়ক সভার বিষয়ে ডিএমপির উপ পুলিশ কমিশনার (মিডিয়া) মুনতাসিরুল ইসলাম বলেন, প্রতি মাসের মত এবারও ডিএমপির সদর দপ্তরে একটি অপরাধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিগত মাসের অপরাধ ও গুরুত্বপূর্ণ মাথলা নিয়ে আলোচনা হয়েছে। এর উন্নতি জানতে চেয়েছেন কমিশনার। পূজায় নিরাপত্তার বিষয়টি অগ্রাধিকার দিয়ে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা জোরদারের নির্দেশও দিয়েছেন কমিশনার।